দৈনিক ইত্তেফাক

তারিখ ... NOV 25 1999
পৃষ্ঠা 6 কলাম 5

66

## ডিগ্রী (পাস) পরীক্ষায় নকল রোধে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হউক

আগামী ২৮শে নভেম্বর হইতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স পরীক্ষা শুরু হইবে। ফেনী জেলার পরশুরাম উপজেলা সদরস্থ পরশুরাম সরকারী ডিগ্রী কলেজ উক্ত পরীক্ষার কেন্দ্র। গত বৎসর ডিগ্রী পরীক্ষার সময় এই কেন্দ্রে ব্যাপক হারে নকল হইয়াছে। ইংরেজী ও বাংলা পরীক্ষার সময় কতিপয় যুবক প্রকাশ্যে কলেজ আঙ্গিনায় বসিয়া উত্তর লিখিয়া হলে তাহাদের নিকটজনদের সরবরাহ করিয়াছে। এ ব্যাপারে ইত্তেফাকের চিঠিপত্র কলামে অভিযোগ প্রকাশিত হওয়ার পরও প্রতিকারের ব্যবস্থা না নেওয়ায় বাহির হইতে নকল গ্রহণকালে জনৈক পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। এই ঘটনাকে কেন্দ্র করিয়া অত্র কলেজের একজন প্রভাষককে বহিরাগত একদল সন্ত্রাসী লাঞ্ছিত করে। এই খবর ইত্তেফাকসহ অন্যান্য জাতীয় দৈনিকে ছাপা হইয়াছিল। অবাধ নকলের সুযোগে ছাত্রনামধারী একশ্রেণীর পরীক্ষার্থী ফায়দা লুটিয়াছে। পাশাপাশি মেধাবী পরীক্ষার্থীরা ক্ষতিগ্রস্ত হইয়াছে চরমভাবে। এহেন অবস্থা কোনক্রমেই মানিয়া নেওয়া যায় না। আসন্ন পরীক্ষায় উল্লিখিত ঘটনবলির পুনিরাবৃত্তির আশংকায় পরীক্ষার্থী ও অভিভাবকমহল উদ্বিগ্ন। এমতাবস্থায়, অনুষ্ঠিতব্য পরীক্ষা যাহাতে নকলমুক্ত ও শান্তিপূর্ণ পরিবেশে সম্পন্ন হইতে পারে, সে ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য যথাযথ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করতেছি।

এম,এস, হোসেন (বাদল),
পরশুরাম, ফেনী